

# যুগান্তর

## সব উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ হবে

প্রকাশ : ২৪ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



সংসদ রিপোর্টার

দেশের সব উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের পরিকল্পনা নিয়েছে সরকার। যার অংশ হিসেবে প্রথম পর্যায়ে ১০০টি উপজেলায় টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের কাজ শুরু হয়েছে। দ্বিতীয় পর্যায়ে আরও ৩২৯টি উপজেলার জন্য একই প্রকল্প প্রণয়ন করা হয়েছে। জাতীয় সংসদ ভবনে বুধবার অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ তথ্য জানানো হয়। কমিটির সভাপতি মো. আফছারুল আমীনের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, মো. আবদুল কুদ্দুস, একেএম শাহজাহান কামাল, ফজলে হোসেন বাদশা, মো. আবদুস সোবহান মিয়া ও গোলাম কিবরিয়া টিপুসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কমিটি সূত্র জানায়, বৈঠকে মন্ত্রণালয়ের দেয়া প্রতিবেদন নিয়ে আলোচনা শেষে কারিগরি শিক্ষার প্রসারে সরকারের নেয়া টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত করার তাগিদ দেয়া হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।